গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়
**তার ও দূরালাপনী**
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cafotnt.gov.bd

স্মারক নং- ০৭.০৩.০০০০.৭২১.১৩.০০১.২৩- ১০৭৮ তারিখ: ১১ /০২/২০২৪ খ্রি:।

**বিষয় : ০৮-০২-২০২৪ খ্রি: তারিখ অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

সুত্র : স্মারক নং- ০৭.০৩.০০০০.৭২১.১৩.০০১.২৩-১০৭২ তারিখ: ০৭/০২/২০২৪ খ্রি:।

সিএএফও মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক **নৈতিকতা** কমিটির সভা গত ০৮-০২-২০২৪ খ্রি: তারিখ সকাল ১১:০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সূচনা বক্তব্যের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করেন। সভায় সংযুক্ত তালিকা-**ক** তে বর্ণিত কমিটির সকল সদস্যগণ উপস্থিত ছিলেন।

সভার প্রারম্ভে সিএএফও মহোদয়ের সদয় অনুমতিক্রমে পুনর্গঠিত কমিটির সদস্য সচিব, এএন্ডএও (প্রশাসন) বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন। সভায় অবহিত করেন যে, সেবা গ্রহীতা সম্মানীত পেনশনারদের মতবিনিময় ২ টি সভা, নৈতিকতা সংক্রান্ত কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে ২ টি ইন-হাউজ প্রশিক্ষণ এবং ১টি মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। বাজেট বরাদ্দের স্বল্পতায় অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে মতবিনিময় সভার আয়োজন করা সম্ভব হয়নি বলে অবহিত করেন। সভার আলোচ্য সূচী মোতাবেক বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত-১ : সুশাসন প্রতিষ্ঠায় জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, সেবা প্রদান ও প্রতিশ্রুতি বাস্তবায়ন, তথ্য অধিকার এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা যথাযথভাবে বাস্তবায়ন।

২ : ডট ও বিটিসিএল কর্তৃপক্ষের অংশীজনের (Stakeholders) অংশ গ্রহণে (বাজেট প্রাপ্তি সাপেক্ষে) সম্ভাব্য আগামী মার্চ-২০২৪ মাসে ১টি সভার আয়োজন করা।
কার্যক্রম গ্রহণ : এএন্ডএও (প্রশাসন)।

৩ : ওয়ানস্টপ সার্ভিস আরো জোরদার করত: সেবা গ্রহীতা/ সম্মানীত পেনশনারদের অভিযোগ দ্রুত নিষ্পত্তি করণ।
কার্যক্রম বাস্তবায় : এএন্ডএও (সকল) এবং ডেপুটি সিএএফও।

৪ : "আপীল কর্মকর্তা, অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা" মনোনীত করে অফিস আদেশ জারিকরণ।
কার্যক্রম গ্রহণ : এএন্ডএও (প্রশাসন)।

৫ : জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন নৈতিকতা কমিটির কার্যক্রম, অগ্রগতি ও লক্ষ্য অর্জন যথাযথভাবে বাস্তবায়ন।
কার্যক্রম বাস্তবায়ন : এএন্ডএও (প্রশাসন)/ ডেপুটি সিএএফও।

৬ : সিএএফও, তার ও দূরালাপনী কার্যালয়ের ওয়েবসাইট এ তথ্যবাতায়ন ও বিভিন্ন কার্যক্রম নিয়মিত Up-load হালনাগাদ কার্যক্রম তদারকিকরণ।
কার্যক্রম বাস্তবায়ন : এএন্ডএও (প্রশাসন)/ ডেপুটি সিএএফও।

৭ : যথাসময় তথ্যবাতায়ন, দৈনন্দিন/সাপ্তাহিক/মাসিক/ত্রৈমাসিক/কোয়ার্টার ভিত্তিক তথ্য-প্রমাণাদি ও প্রতিবেদন (এপিএ) এবং বিভিন্ন কার্যক্রম নিয়মিত ওয়েবসাইটে Up-load হালনাগাদ নিশ্চিতকরণ।
কার্যক্রম সম্পন্নকারী : জনাব সিফাত হোসেন এবং পিএ টু সিএএফও।

পরিশেষে সভাপতি মহোদয় সকলকে যথাযথভাবে সিদ্ধান্ত বাস্তবায়নের নির্দেশ প্রদান পূর্বক ধন্যবাদ জ্ঞাপন করে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

সিএএফও মহোদয়ের সদয় অনুমোদনক্রমে নৈতিকতা কমিটির কার্যবিবরণী ইস্যু করা হলো।

১১/২/২০২৪
( সুধীর চন্দ্র হালদার )
ডেপুটি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
ফোন: ০২-৪১০৩০৪৮১।

স্মারক নং- ০৭.০৩.০০০০.৭২১.১৩.০০১.২৩- ১০৭৮(১-৫) তারিখ: ১১ /০২/২০২৪ খ্রি:।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১. ডেপুটি চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার ও নৈতিকতা কমিটি সদস্য, তার ও দূরালাপনি কার্যালয়।
২. নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল), স্থানীয় ।
৩. এসএএস অধীক্ষক (সকল)।
৪. পিএ টু সিএএফও, তার ও দূরালাপনী।
৫. অফিস কপি।

১১/০২/২০২৪
( মজিবুর রহমান )
নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা
ফোন: ০২-৪৮৩২০৩৩০।

সিএএফও, তার ও দূরালাপনী কার্যালয়।

স্মারক নং- ০৭.০৩.০০০০.৭২১.১৩.০০১.২৩-১০৭২ (৫১)

তারিখ: ০৭/০২/২০২৪ খ্রিঃ।

**জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটির**
**০৮-০২-২০২৪ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভায় উপস্থিতির**
**তালিকা-ক।**

| ক্রম নং | নাম | পদবি | কমিটিতে অবস্থান | উপস্থিতগণের স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | জনাব সেতারা-ই-জাহান | সিএএফও | সভাপতি | 8/2/2024 |
| ২ | জনাব সুধীর চন্দ্র হালদার | ডেপুটি সিএএফও | সদস্য | 8/2/24 |
| ৩ | জনাব সুকুমার সরকার | এএন্ডএও | সদস্য | 08/2/24 |
| ৪ | জনাব মজিবুর রহমান | এএন্ডএও | সদস্য সচিব | 8/2/2024 |
| ৫ | জনাব রমা কান্ত দেবশর্মা | এসএএস সুপার | সদস্য | 08/2/24 |
| ৬ | জনাব মোঃ তরিকুল ইসলাম | অডিটর | সদস্য | 08/2/24 |
| ৭ | জনাব সিফাত হোসেন | জুনিয়র অডিটর | সদস্য | 08/2/24 |

০৮/০২/২৪

( মজিবুর রহমান )
নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা
ফোন: ০২-৪৮৩২০৩৩০।